

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
পশ্চিম এশিয়া শাখা  
ঢাকা

নং ১৯.০০.০০০০.৪৬৮.০৫.৫০১.২০.২৮০

০১ অক্টোবর ২০২০

প্রেরক : মোঃ জিয়াউর রহমান  
সহকারী সচিব (পশ্চিম এশিয়া-২)  
পররাষ্ট্র মন্ত্রণালয়

প্রাপক : জনাব মোঃ এমদাদুল ইসলাম চৌধুরী  
পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : কুয়েতের মহামান্য আমির শেখ সাবাহ আল-আহমদ আল জাবের আল-সাবাহ এর মৃত্যুতে শোক প্রকাশের নিমিত্ত আগামী ০৩-০৬ অক্টোবর ২০২০ তারিখে বাংলাদেশ হতে উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দলের সদস্য হিসেবে জনাব মোঃ এমদাদুল ইসলাম চৌধুরী, পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে কুয়েতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে কুয়েতের মহামান্য আমির শেখ সাবাহ আল-আহমদ আল জাবের আল-সাবাহ এর মৃত্যুতে শোক প্রকাশের জন্য আগামী ০৩-০৬ অক্টোবর ২০২০ তারিখে বাংলাদেশ হতে উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দলের সদস্য হিসেবে আপনার অনুকূলে কুয়েতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারি সফরের জন্য আপনি ০৩ অক্টোবর ২০২০ অথবা এর নিকটবর্তী সময়ে কুয়েত-এর উদ্দেশ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি দলের সদস্য হিসেবে ঢাকা ত্যাগ করবেন এবং ০৬ অক্টোবর ২০২০ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে কুয়েত ত্যাগ করবেন।

৩। সফরকালীন সময়ে আপনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবে এবং আপনার বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১) হতে বিকলন করা হবে। অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,




মোঃ জিয়াউর রহমান  
সহকারী সচিব (পশ্চিম এশিয়া-২)  
পররাষ্ট্র মন্ত্রণালয়

নং ১৯.০০.০০০০.৪৬৮.০৫.৫০১.২০.২৮০

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএসও/এফএমও/এসএমও/সংস্থাপন/অর্থ/ রট্টাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, কুয়েত।
- ৮। অফিস কপি।



মোঃ জিয়াউর রহমান  
সহকারী সচিব (পশ্চিম এশিয়া-২)